BTCL
দেশ ও মানুষের সেবায়

# বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

উপ-মহাব্যবস্থাপক (টেলিকম), রাজশাহী এর কার্যালয়।
টেলিফোন এক্সচেঞ্জ ভবন, মালোপাড়া, রাজশাহী।
www.btcl.gov.bd | বিটিসিএল.বাংলা

## সিটিজেন চার্টার / সেবা প্রদান প্রতিশ্রুতি

| ক্র. নং. | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | আবেদন দাখিল | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি (সকল চার্জে ১৫% ভ্যাট প্রযোজ্য) | শাখার নাম, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর পদবী, দপ্তর, টেলিফোন ও মোবাইল নম্বর | উর্ধ্বতন কর্মকর্তার পদবী, দপ্তর, টেলিফোন, মোবাইল নম্বর ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | **(ক)** নতুন টেলিফোন সংযোগ<br><br>**(খ)** নতুন GBon ইন্টারনেট সংযোগ (গ্রাহক পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট)<br><br>**(খ)** নতুন ADSL ইন্টারনেট সংযোগ (গ্রাহক পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট) | আবেদন প্রাপ্তি থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ডিমান্ডনোট ইস্যু এবং ডিমান্ডনোটের পরিশোধিত কপি সংশ্লিষ্ট দপ্তরে জমা দেওয়ার পরবর্তী ৪ (চার) কার্যদিবসের মধ্যে সংযোগ প্রদান। | **(ক) ব্যক্তিগত সংযোগের ক্ষেত্রে :**<br>১। পাসপোর্ট সাইজ ছবির সফটকপি - ১ (এক) কপি।<br>২। জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর উভয় পার্শ্বের ছবির সফটকপি - ১ (এক) কপি।<br>৩। সচল মোবাইল নং ও ই-মেইল আইডি।<br>৪। সংযোগের বিস্তারিত ঠিকানা এবং ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি - ১ (এক) কপি।<br><br>**(খ) সরকারি সংযোগের ক্ষেত্রে :**<br>দাপ্তরিক প্যাডে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন/ আবেদনপত্র।<br><br>**(গ) বে-সরকারি সংযোগের ক্ষেত্রে :**<br>১। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি - ১ (এক) কপি।<br>২। প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর উভয় পার্শ্বের ছবির সফটকপি - ১ (এক) কপি।<br>৩। দাপ্তরিক প্যাডে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন/ আবেদনপত্র। | **(ক)** mybtcl.btcl.gov.bd পোর্টালের মাধ্যমে রেজিস্ট্রেশন পূর্বক আবেদন দাখিল করতে হবে।<br><br>**(খ)** টেলিসেবা এ্যাপস্ | **(ক)**<br>সংযোগ ফি : ৩০০/-<br>জামানত : ৩০০/-<br>ভ্যাটসহ সর্বমোট : ৬৪৫/-<br>(ছয়শত পঁয়তাল্লিশ টাকা)<br><br>**(খ)** চাহিত ঠিকানায় নেটওয়ার্ক থাকা ও কারিগরিভাবে সংযোগ প্রদান করা সম্ভব হলে আবেদনপত্র গৃহীত হওয়ার পর ডিমান্ডনোট জারী হবে।<br>ডিমান্ডনোটের নির্দেশনা মেনে সংযোগ ফি মোবাইল ব্যাংকিং (নগদ/ বিকাশ/ রকেট)<br>অথবা<br>নিম্নোক্ত ব্যাংকের রাজশাহী শাখায় পরিশোধযোগ্য :<br>মিউচুয়্যাল ট্রাস্ট ব্যাংক, সোশ্যাল ইসলামী ব্যাংক, শাহজালাল ইসলামী ব্যাংক, প্রাইম ব্যাংক, ইস্টার্ণ ব্যাংক, অগ্রণী ব্যাংক, বেসিক ব্যাংক, স্ট্যান্ডার্ড ব্যাংক, ওয়ান ব্যাংক, সাউথ-ইস্ট ব্যাংক, এবি ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, মার্কেন্টাইল ব্যাংক ও ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ।<br><br>**(গ)** GBon ও ADSL প্যাকেজ রেট জানতে ভিজিট করুন :<br>রেট ও প্যাকেজ | **(ক)** টেলিফোন শাখা :<br>**অফিস সহকারী**<br>কক্ষ নং-২০২, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-৫৪২৮৮, মোবাইল : ০১৭১৪-৮১৪৭৯৮<br><br>**(খ)** কর্মকর্তা :<br>১। **ব্যবস্থাপক (ফোন্স)**<br>কক্ষ নং-২০৪, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-০০৭৮৮<br>১.১। **জুনিঃ সহকারী ব্যবস্থাপক (ওএসপি-১)**<br>কক্ষ নং-১০৮, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-৫৪৩৭৭, মোবা : ০১৫৫৬-৩১৪৬৩৩<br>(আওতাধীন এলাকা : ঘোষপাড়া-কাদিরগঞ্জ-লক্ষীপুর-কাজিহাটা-রাজপাড়া-ভাটাপাড়া-হড়গ্রাম-কোর্ট-কাশিয়াডাঙ্গা ইত্যাদি)<br>১.২। **জুনিঃ সহকারী ব্যবস্থাপক (ওএসপি-২)**<br>কক্ষ নং-২০৩, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-৫৪২৪০, মোবা : ০১৭৮৮-২৫৭৩৬১<br>(আওতাধীন এলাকা : মালোপাড়া-রানীবাজার-নিউমার্কেট-বিন্দুর মোড়-রেলগেট-শিরোইল-বটতলা-মোন্নাফের মোড়-সাধুর মোড়-সাগরপাড়া-কুমারপাড়া-ফুদকীপাড়া-গণকপাড়া-সাহেব বাজার-মনিচত্ত্বর-সিটি কলেজ ইত্যাদি।)<br><br>২। **সহকারী ব্যবস্থাপক (ফোন্স)**<br>কক্ষ নং-২০৩, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-৫০৭০০<br>২.১। **জুনিঃ সহকারী ব্যবস্থাপক (ওএসপি-১)**<br>শালবাগান, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-৬১৭৭৭, মোবা : ০১৭৫৪-৬০৯৩৮৭<br>(আওতাধীন এলাকা : ভদ্রমোড় হতে রেলগেট হয়ে ঘোড়াচত্ত্বর পর্যন্ত সড়কের উত্তর পার্শ্বের এলাকা-শিরোইল কলোনি-ভদ্রা আবাসিক-পদ্মা আবাসিক-চন্দ্রিমা আবাসিক-সপুরা-উপশহর-তেরখাদিয়া ইত্যাদি।)<br>২.১। **জুনিঃ সহকারী ব্যবস্থাপক (ওএসপি-২)**<br>তালাইমারী, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-৬৭৭৮৮, মোবা : ০১৭৪৪-৪২৫৫২২<br>(আওতাধীন এলাকা : ভদ্রমোড়ের দক্ষিন পার্শ্ব-তালাইমারী-বুয়েট-রাজশাহী বিশ্ববিদ্যালয়-কাজলা-বিনোদপুর-কাটাখালী ইত্যাদি।) | **উপ-মহাব্যবস্থাপক (টেলিকম)**<br>কক্ষ নং-১০১, বিটিসিএল, রাজশাহী।<br>টেলিফোন : ০২৫৮৮৮-০০০১১<br>ই-মেইল :<br>detraj.btcl@gmail.com |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | সংযোগ স্থানান্তর (একই/ ভিন্ন এক্সচেঞ্জ) | আবেদনপত্র প্রাপ্তি থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ডিমান্ডনোট ইস্যু এবং ডিমান্ডনোটের পরিশোধিত কপি সংশ্লিষ্ট দপ্তরে দাখিল থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংযোগ প্রদান। | সংযোগের হালনাগাদ বিল পরিশোধের প্রত্যয়নপত্র। | ঐ<br><br>অথবা<br><br>**(গ)** সাদা কাগজে/ নির্ধারিত ফর্মে উপ-মহাব্যবস্থাপক (টেলিকম) বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | **(ক) GBon এর ক্ষেত্রে :**<br>বহিঃ এক্সচেঞ্জ ও আন্ত এক্সচেঞ্জ স্থানান্তর ফি :<br>ভ্যাটসহ ৫৭৫/-<br>(পাঁচশত পঁচাত্তর টাকা)<br>পরিশোধযোগ্য।<br><br>**(খ) টেলিফোন এর ক্ষেত্রে :**<br>* বহিঃ এক্সচেঞ্জ স্থানান্তর ফি :<br>ভ্যাটসহ ৫৭৫/-<br>(পাঁচশত পঁচাত্তর টাকা)<br>* আন্ত এক্সচেঞ্জ স্থানান্তর ফি :<br>ভ্যাটসহ ৩৪৫/-<br>(তিনশত পঁয়তাল্লিশ টাকা)<br><br>**(গ)** উপরে উল্লিখিত মোবাইল ব্যাংকিং এবং ব্যাংকসমূহে পরিশোধযোগ্য। | ঐ | ঐ |
| ৩। | পুনঃ সংযোগ | ঐ | ঐ | ঐ | **(ক)** ভ্যাটসহ ৫৭৫/-<br>(পাঁচশত পঁচাত্তর টাকা)<br><br>**(খ)** উপরে উল্লিখিত মোবাইল ব্যাংকিং এবং ব্যাংকসমূহে পরিশোধযোগ্য। | ঐ | ঐ |
| ৪। | সংযোগের নাম/ মালিকানা পরিবর্তন | ঐ | **(ক)** চলমান সংযোগের মূল ডিমান্ডনোট (মূল ডিমান্ডনোট হারিয়ে গেলে জিডি কপি/ নোটারী প্রযোজ্য)।<br><br>**(খ)** সংযোগের হালনাগাদ বিল পরিশোধের প্রত্যয়নপত্র।<br><br>**(গ)** উভয়ের জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্টের সত্যায়িত ফটোকপি - ১ (এক) কপি করে।<br><br>**(ঘ)** উভয়ের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি - ১ (এক) কপি।<br><br>**(ঙ) উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হলে :**<br>১। সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার হতে উত্তরাধিকারের সনদপত্রের কপি।<br>২। অন্যান্য ওয়ারিশগণের না-দাবীপত্র।<br>৩। ৩০০/- (তিনশত টাকা) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে উভয় পক্ষের ছবিযুক্ত চুক্তিপত্র যা ১ম শ্রেণীর কর্মকর্তা অথবা নোটারী পাবলিক দ্বারা সত্যায়িত হতে হবে। | ঐ | **(ক)** ভ্যাটসহ ৩৪৫/-<br>(তিনশত পঁয়তাল্লিশ টাকা)<br><br>**(খ)** উপরে উল্লিখিত মোবাইল ব্যাংকিং এবং ব্যাংকসমূহে পরিশোধযোগ্য। | ঐ | ঐ |
| ৫। | টেলিফোন ISD করণ | আবেদনপত্র প্রাপ্তি থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে। | **(ক)** চলমান টেলিফোন সংযোগের মূল ডিমান্ডনোটের ফটোকপি - ১ (এক) কপি।<br>**(খ)** টেলিফোন সংযোগের মূল আবেদনপত্রের ফটোকপি - ১ (এক) কপি।<br>**(গ)** টেলিফোন সংযোগের হালনাগাদ বিল পরিশোধের প্রত্যয়নপত্র।<br>**(ঘ)** জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্টের সত্যায়িত ফটোকপি - ১ (এক) কপি। | ঐ | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ঐ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৬। | LLI / VPN সংযোগ | ঐ | **(ক) সরকারি সংযোগের ক্ষেত্রে :** দাপ্তরিক প্যাডে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন/ আবেদনপত্র।<br><br>**(খ) বে-সরকারি সংযোগের ক্ষেত্রে :**<br>১। দাপ্তরিক প্যাডে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন/ আবেদনপত্র।<br>২। BTRC প্রদত্ত লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি - ১ (এক) কপি।<br>৩। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি - ১ (এক) কপি।<br>৪। মালিকানা/ ভাড়ার প্রমাণপত্র।<br>৫। প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর উভয় পার্শ্বের ছবির সফটকপি - ১ (এক) কপি।<br>৬। পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি - ১ (এক) কপি। | internet.btcl.gov.bd পোর্টালের মাধ্যমে রেজিস্ট্রেশন পূর্বক আবেদন দাখিল করতে হবে। | **(ক)** প্রতিষ্ঠানভেদে সেবা মূল্যের ভিন্নতা রয়েছে। বিস্তারিত ভিজিট করুন : btcl.gov.bd<br><br>**(খ)** বেসিক ব্যাংক লিঃ, রাজশাহী শাখায় পরিশোধযোগ্য। | কলাম-৬ এর ক্রমিক নং-১ দ্রষ্টব্য | ঐ |
| ৭। | টেলিফোন লক খোলা<br><br>অথবা<br><br>গ্রাহকের অনুরোধে সাময়িক বন্ধকরণ। | আবেদন প্রাপ্তি থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে। | **(ক)** চলমান টেলিফোন সংযোগের মূল আবেদনপত্রের ফটোকপি - ১ (এক) কপি।<br>**(খ)** টেলিফোন সংযোগের ডিমান্ডনোটের ফটোকপি - ১ (এক) কপি।<br>**(গ)** টেলিফোন সংযোগের হালনাগাদ বিল পরিশোধের প্রত্যয়নপত্র। | কলাম-৪ এর ক্রমিক নং-১ দ্রষ্টব্য | প্রযোজ্য নয়। | ঐ | ঐ |
| ৮। | সংযোগের ত্রুটি নিরসন | বিশেষ যুক্তিসঙ্গত কারণ ব্যতীত ২৪ ঘন্টা হতে ৪৮ ঘন্টার মধ্যে। | **অভিযোগ প্রদানের মাধ্যম :**<br>**(ক)** টেলিসেবা এ্যাপস্<br>**(খ)** mybtcl.btcl.gov.bd পোর্টাল<br>**(গ)** হটলাইন : ১৬৪০২ | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ঐ | ঐ |
| ৯। | সংযোগ সমর্পণ (স্থায়ীবন্ধ) | আবেদনপত্র প্রাপ্তি থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে। | **(ক)** চলমান সংযোগের ডিমান্ডনোটের ফটোকপি - ১ (এক) কপি।<br>**(খ)** উক্ত সংযোগের হালনাগাদ বিল পরিশোধের প্রত্যয়নপত্র। | কলাম-৪ এর ক্রমিক নং-১ দ্রষ্টব্য | প্রযোজ্য নয়। | ঐ | ঐ |

# টেলিফোন-ইন্টারনেট সংযোগের চুক্তিনামা

এই চুক্তিনামা প্রথম পক্ষ হইতে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (যাহা “বিটিসিএল” বলিয়া এই চুক্তি নামার পরবর্তী ধারাসমূহে অভিহিত হইবে) এবং গ্রাহক/ আবেদনকারী হইবেন দ্বিতীয় পক্ষ। প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষের সম্মতিক্রমে এই চুক্তি সম্পাদিত হইল। উভয় পক্ষ এই চুক্তির আওতায় নিম্নবর্ণিতশর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবেঃ-

| | |
|---|---|
| ১. | গ্রাহকের অনুকূলে বিটিসিএল টেলিযোগাযোগ সার্ভিস, আনুষাঙ্গিক সুবিধাদি ও যন্ত্রপাতি ভাড়া দিতে এবং বিটিসিএল কর্তৃক ধার্যকৃত (প্রচলিত ও পরিবর্তিত) সকল প্রকার ভাড়া/ব্যয়/চার্জ/ফিস/বিল প্রদান সাপেক্ষে ঐ সকল সার্ভিস ও যন্ত্রপাতি গ্রাহক ভাড়া লইতে পারিবেন। |
| ২. | বাংলাদেশ সরকার/বাংলাদেশ টেলিকম রেগুলেটরী কমিশনের অনুমোদন সাপেক্ষে বিটিসিএল যে কোন সময়ে টেলিযোগাযোগ সার্ভিসের এর জন্য মাসিক, বার্ষিক রেইট এবং অন্যান্য আনুষাঙ্গিক রেইট ধার্য ও পরিবর্তন করিতে পারিবে এবং গ্রাহক ধার্যকৃত এই পরিবর্তিত হার মানিয়া লইতে বাধ্য থাকিবেন। |
| ৩. | যে কোন পক্ষ অপর পক্ষকে ৭ (সাত) দিনের লিখিত নোটিশ প্রদান করিয়া এই সংযোগ বিচ্ছিন্ন করিতে পারিবেন। তবে উভয় পক্ষই বিটিসিএল এর আইন ও বিধি মোতাবেক তাহাদের দেনা-পাওনার চূড়ান্ত নিষ্পত্তি করিতে বাধ্য থাকিবেন। |
| ৪. | এই চুক্তির মেয়াদ শেষ বা চুক্তিভঙ্গ হইয়া গেলে বিটিসিএল’র এর সরবরাহকৃত টেলিযোগাযোগ সরঞ্জাম ও আনুষাঙ্গিক উপকরনাদিসহ সকল যন্ত্রপাতি বিটিসিএল’র নিকট ভাল অবস্থায় (সংযোজনের সময় যে অবস্থায় ছিল) গ্রাহক ফেরত দিতে বাধ্য থাকিবেন। এই ক্ষেত্রে কেবল স্বাভাবিক ক্ষয়-ক্ষতি গ্রহনযোগ্য হইবে। বিটিসিএল’র দায়িত্বপ্রাপ্ত কর্মচারী যথাশ্রীঘ উক্ত সরঞ্জামাদি সরাইয়া লইবেন এবং সে জন্য বিটিসিএল’র কর্মচারীর গ্রাহকের নিয়ন্ত্রনাধীন সংশ্লিষ্ট স্থানে নিরঙ্কুশ প্রবেশের অধিকার থাকিবে। সরঞ্জামাদি খুলিবার বা সরাইবার কারণে গ্রাহকের সংযোগ স্থানের স্বাভাবিক ক্ষতির জন্য গ্রাহক ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না। |
| ৫. | টেলিযোগাযোগ সার্ভিস সংক্রান্ত যন্ত্রপাতি স্থাপন করিবার পূর্বে গ্রাহক লিখিত নোটিশ দ্বারা তাহার আবেদনপত্র প্রত্যাহার করিয়া লইতে পারিবেন। তবে সংযোগের জন্য প্রাথমিকভাবে প্রদেয় জামানত ব্যতীত ঐদিন পর্যন্ত যন্ত্রপাতি স্থাপন বাবদ প্রকৃত খরচাদি গ্রাহক কর্তৃক বিটিসিএল-কে পরিশোধ করিতে হইবে এবং এই ক্ষেত্রে বিটিসিএল’র সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। |
| ৬. | বিটিসিএল কর্তৃক প্রদত্ত টেলিযোগাযোগ সার্ভিস সুষ্ঠুভাবে চালু রাখিতে ও চুক্তি বলবৎ থাকাকালীন সময়ে বিটিসিএল সার্ভিস ও যন্ত্রপাতি যথাযথভাবে রক্ষনাবেক্ষণ করিবার নিশ্চয়তা বিধান করিবে। ইহার জন্য গ্রাহক বিটিসিএল-কে সর্বপ্রকার ন্যায়সঙ্গত সহযোগিতা প্রদান করিবেন। যদি বাংলাদেশ সরকার বা বিটিসিএল প্রয়োজন অথবা যুক্তিযুক্ত মনে করে তবে যে কোন সময় লিখিত রেজিষ্ট্রীকৃত ডাকযোগে নোটিশ প্রদান করিয়া (রেজিষ্ট্রীকৃত ডাকযোগে নোটিশ প্রদানই নোটিশ জারীর চূড়ান্ত প্রমান বলিয়া বিবেচিত হইবে) ৭ (সাত) দিন অতিবাহিত হওয়ার পর স্থাপিত যন্ত্রপাতি ফেরত লইবার ও সার্ভিস বিচ্ছিন্ন করিবার অধিকার বিটিসিএল সংরক্ষণ করিবেন। |
| ৭. | প্রদত্ত টেলিযোগাযোগ সার্ভিস এর মাধ্যমে অন্য কোন গ্রাহককে বিরক্ত করা অথবা অশালীন মন্তব্য করা বা টেলিফোনের যে কোন প্রকার অপব্যবহারের জন্য গ্রাহক ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন। এই জাতীয় অভিযোগ প্রাপ্ত হইলে বা উহা প্রমানিত হইলে ১৮৮৫ সালের টেলিগ্রাফ এ্যাক্ট এর ক্ষমতাবলে প্রদত্ত টেলিযোগাযোগ সার্ভিসসহ অন্য সকল টেলিযোগাযোগ সার্ভিস প্রত্যাহার করিয়া লওয়ার ক্ষমতা বিটিসিএল সংরক্ষণ করিবে। এই বিষয়ে বিটিসিএল’র সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। |
| ৮. | কোন কারণে টেলিযোগাযোগ সার্ভিস অচল, বিঘ্নিত বা বন্ধ হইলে অথবা বিটিসিএল কর্তৃক বন্ধ করা হইলে যদি গ্রাহকের কোন প্রকার ক্ষয়-ক্ষতি হয়, তবে তাহার জন্য বিটিসিএল দায়ী থাকিবে না এবং টেলিযোগাযোগ সার্ভিস পুনরায় চালু করিতে বিলম্বের দরুন সৃষ্ট ক্ষতি ও অসুবিধার জন্য বিটিসিএল দায়ী থাকিবে না। |
| ৯. | গ্রাহক টেলিযোগাযোগ যন্ত্রপাতি ও ইহার সংশ্লিষ্ট সরঞ্জামাদির সঠিক যত্ন লইবেন এবং তিনি উল্লিখিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি নষ্ট, রবদল, বেআইনি সংযোগ স্থানান্তর করিবেন না বা অন্যকেও করিতে দিবেন না। অবৈধ স্থানান্তর, কল-টার্মিনেশন, ভিওআইপ ও অন্যান্য অপব্যবহারের কারনে সংযোগ বিচ্ছিন্ন তথা আইনগত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার অধিকার বিটিসিএল তথা সরকার সংরক্ষন করিবে। গ্রাহক যন্ত্রপাতির কোন চিহ্ন, শব্দ, নম্বর বা সীলমোহর অপসারণ বা বিকৃত করিতে পারিবেন না। যন্ত্রপাতি বা উহার অংশ গ্রাহকের ব্যবহারে থাকাকালীন সময়ে কোন প্রকার ক্ষতি, চুরি, হারানো রদবদল বা অন্য কোন কারণে ক্ষতিগ্রস্থ হইলে বিটিসিএল’র দাবী মোতাবেক উহা মেরামত, পূনঃ স্থাপন, রদবদলের জন্য সকল প্রকার খরচ প্রদানে গ্রাহক বাধ্য থাকিবেন। |
| ১০. | বিটিসিএল’র লিখিত অনুমতি/আদেশ ব্যতিত গ্রাহক অপর কোন ব্যক্তি বা সংস্থার সহিত আর্থিক বা অন্য কোন প্রকার লেন-দেনের বিনিময়ে তাহার অনুকূলে প্রদত্ত টেলিযোগাযোগ সার্ভিসের মাধ্যমে কোন সংবাদ আদান-প্রদানের জন্য ব্যবহার করিতে পারিবেন না বা অন্য কাহাকেও তাহা করিতে দিতে পারিবেন না। |
| ১১. | বিটিসিএল কর্তৃক নির্দিষ্ট পদ্ধতিতে ও নির্ধারিত তারিখের মধ্যে গ্রাহক ভাড়া পরিশোধ না করিলে অথবা এই চুক্তি মোতাবেক বিটিসিএল-কে দেয় অন্য কোন পাওনাদি বা বিল যথারীতি পরিশোধ না করিলে কোন নোটিশ ছাড়াই বিটিসিএল সংশ্লিষ্ট টেলিযোগাযোগ সার্ভিস বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং বিটিসিএল’র স্বার্থ অক্ষুন্ন রাখিয়া যে কোন সময়ে চুক্তি বাতিল করিতে পারিবে। যদি বিল পরিশোধের ব্যর্থতার দরুণ গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়, তবে বিটিসিএল কর্তৃক নির্ধারিত হার ও বিধান অনুযায়ী গ্রাহক প্রাপ্য অর্থ পরিশোধ করিলে সংযোগ পূণঃ প্রতিষ্ঠা করা যাইতে পারে। যদি ৮৯ (উননব্বই) দিনের মধ্যে গ্রাহক সংযোগ ফি সমেত প্রদেয় অর্থ পরিশোধ না করেন, তাহা হইলে বিটিসিএল সংযোজন স্থায়ীভাবে বন্ধ/ বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে। গ্রাহকের যে কোন টেলিযোগাযোগ বা সংযোগ বকেয়া বিল অনাদায়ের কারনে তাহার অন্যান্য টেলিযোগাযোগ সংযোগে ৭ (সাত) দিনের নোটিশ প্রদান করিয়া বিচ্ছিন্ন করার ক্ষমতা বিটিসিএল সংরক্ষন করিবে। |
| ১২. | বিটিসিএল’র লিখিত অনুমতি ব্যতিরেকে গ্রাহক টেলিযোগাযোগ সংযোগ হস্তান্তর করিতে পারিবেন না। |
| ১৩. | প্রদত্ত টেলিযোগাযোগ ব্যবস্থার যথাযথ ব্যবহার ও কলের জন্য গ্রাহক ব্যক্তিগত ভাবে দায়ী থাকিবেন এবং গ্রাহকের অনুপস্থিতিতে বা অজান্তে যদি কোন অননুমোদিত ব্যক্তি উক্ত সার্ভিস ব্যবহার করেন, তবে তাহার দায়-দায়িত্ব গ্রাহকের উপরই বর্তাইবে এবং তিনি দাবিকৃত বিলের অর্থ পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। |
| ১৪. | গ্রাহক সংযোগ যন্ত্রপাতির পরিবর্তন বা স্থানান্তর করিতে চাহিলে অথবা কারিগরি বা প্রযুক্তিগত কারণে বোর্ড কর্তৃক যন্ত্রপাতি ও পদ্ধতি পরিবর্তন করা হইলে গ্রাহককে নির্ধারিত হারে স্থাপন/ স্থানান্তর/ পরিবর্তন খরচ বহন করিতে হইবে। |
| ১৫. | টেলিযোগাযোগ সার্ভিস সংক্রান্ত সকল প্রকার কলের বিল, ব্যয় ও অন্যান্য চার্জ/ ফিস, বিটিসিএল’র নিকট রক্ষিত বহি এবং সংশ্লিষ্ট রেকর্ড টেলিযোগাযোগ সার্ভিস সংক্রান্ত দাবীর সত্যতার বিষয়ে চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। |
| ১৬. | বিটিসিএল কারিগরী কারনে কোন টেলিফোন অথবা টেলিযোগাযোগ সংক্রান্ত অন্য সংযোগের নম্বর পরিবর্তন করা আবশ্যক ও যুক্তিযুক্ত মনে করিলে বিনা মাশুলে উক্ত পরিবর্তন করিতে পারিবে। তবে সেই ক্ষেত্রে গ্রাহককে অবশ্যই অবগত করাইতে হইবে। |
| ১৭. | আবেদনকারী/ গ্রাহক পূর্ব সংযোগ বা বিটিসিএল’র প্রাপ্য দায়-দেনা সম্পর্কে তথ্য গোপন করিয়া আবেদনপত্র জমা দিলে, বিটিসিএল এই বিষয়ে নিশ্চিত হইয়া উক্ত আবেদনপত্র তাৎক্ষনিকভাবে বাতিল করিয়া দিতে পারিবে অথবা সংযোগ প্রদান করা হইয়া থাকিলে উক্ত সংযোগ তাৎক্ষনিকভাবে বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে। |
| ১৮. | গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে তাহার নিকট প্রেরিত বিলের অর্থ পরিশোধ করিবেন, খেলাপী গ্রাহক হইতে অর্থ আদায়ের ক্ষেত্রে টেলিগ্রাফ এ্যাক্ট, ১৮৮৫ এবং বিটিসিএল ম্যানুয়্যালের সংশ্লিষ্ট ধারাসমূহ অথবা প্রচলিত আইন তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং বিটিসিএল সংশ্লিষ্ট আইনানুগ ব্যবস্থা গ্রহনের অধিকার সংরক্ষণ করে। |
| ১৯. | গ্রাহক এই চুক্তির পূর্ণ মেয়াদকালে বাংলাদেশ সরকার কিংবা বাংলাদেশ টেলিকম রেগুলেটরী কমিশন অথবা বিটিসিএল কর্তৃক প্রণীত এবং ভবিষ্যতে যে কোন সময়ে সংশোধিত বা পরিবর্তিত সকল নিয়মাবলী ও বিধিসমূহ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। ইহার ব্যতিক্রম হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে। |

স্বাক্ষর : ---------------------------------------------------------

(১ম পক্ষ, বিটিসিএল’র পক্ষে অথরাইজড্ কর্মকর্তা)

তারিখ :

স্বাক্ষর : ---------------------------------------------------------

(২য় পক্ষ, আবেদনকারী/ সংযোগপ্রাপ্ত গ্রাহক)

তারিখ :